গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
বহিরাগমন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৪০.৩২.০০২.১৯.৭১

তারিখ: ২ আষাঢ় ১৪২৭
১৬ জুন ২০২০

বিষয়: **COVID -19 উদ্ভূত পরিস্থিতিতে বিদেশি নাগরিকগণের বাংলাদেশে আগমনী ভিসা (VOA) সংক্রান্ত।**

সূত্র: (১) পররাষ্ট্র মন্ত্রণালয়ের নোট ভার্বাল নং-১৯.০০.০০০০.৫৩০.৬৮.০০০.২০-৩৯৭ তারিখ: ১৪/০৬/২০২০
(২) সুরক্ষা সেবা বিভাগের স্মারক নং-৫৮.০০.০০০০.০৪০.৩২.০০২.১৯.৫৬ তারিখ: ৩০/৫/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকসমূহের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, COVID-19 উদ্ভূত পরিস্থিতিতে সকল দেশের নাগরিকগণের জন্য বাংলাদেশে আগমনী ভিসা (VOA) পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত থাকবে।

০২। তবে শুধুমাত্র বিদেশি বিনিয়োগকারী ও ব্যবসায়ীগনকে বিদ্যমান ভিসা নীতিমালার আলোকে বাংলাদেশে আগমনী ভিসা (VOA) প্রদান করা যাবে। সেক্ষেত্রে বাংলাদেশে প্রবেশের সময় ভিসা প্রার্থীকে ৭২ ঘন্টার মধ্যে ইস্যুকৃত PCR ভিত্তিক COVID-19 মুক্ত স্বাস্থ্য সনদ (ইংরেজিতে অনুবাদকৃত) এবং তিনি এদেশে একজন প্রকৃত বিনিয়োগকারী/ব্যবসায়ী মর্মে প্রয়োজনীয় প্রত্যয়ন ও এ সংক্রান্ত আনুষঙ্গিক কাগজপত্র ইমিগ্রেশন কাউন্টারে জমা প্রদান করতে হবে।

১৬-৬-২০২০
সোনিয়া হাসান
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮ ০২-৯৫৭৪৫৩৩
ইমেইল: immi2@ssd.gov.bd

অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা।

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৪০.৩২.০০২.১৯.৭১/১(৯)

তারিখ: ২ আষাঢ় ১৪২৭
১৬ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)
১) সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
২) পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়।
৩) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।
৪) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), ঢাকা।
৫) মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৬) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৭) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৮) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।

১৬-৬-২০২০
সোনিয়া হাসান
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
বহিরাগমন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৪০.৩২.০০২.১৯.১৭

তারিখ: ১৮ বৈশাখ ১৪২৭
০১ মে ২০২০

বিষয়: **COVID-19 সংক্রমন পরিস্থিতিতে ইমিগ্রেশন ও ভিসা সংক্রান্ত হালনাগাদ নির্দেশনাসমূহ**

সূত্র: ১।সুরক্ষা সেবা বিভাগের স্মারক নম্বরঃ ৫৮.০০.০০০০.০৪০.৩২.০০২.১৯.১৫, ১৪/০৪/২০২০
২।পররাষ্ট্র মন্ত্রণালয়ের নোট ভার্বাল নম্বরঃ ২৫৫, ৩০/০৪/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকসমূহের প্রেক্ষিতে COVID-19 সংক্রমন পরিস্থিতিতে ইতোপূর্বে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক জারিকৃত এতদবিষয়ক সকল পত্র এবং সূত্রস্থিত ই-মেইল বার্তাসমূহ বাতিলপূর্বক নির্দেশক্রমে ইমিগ্রেশন ও ভিসা সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনাসমূহ জারি করা হলোঃ

১। আগামী ০৭ মে ২০২০ পর্যন্ত সকল দেশের নাগরিকগণের জন্য বাংলাদেশে আগমনী ভিসা (Visa on Arrival) স্থগিত থাকবে।

২। ইতোমধ্যে ভিসাপ্রাপ্ত বিদেশি নাগরিক বা যারা নতুন ভিসার জন্য আবেদন করবেন, তাদেরকে ভ্রমণের ৭২ (বায়াত্তর) ঘন্টার মধ্যে ইস্যুকৃত COVID-19 লক্ষণমুক্ত মর্মে চিকিৎসকের সনদ (ইংরেজীতে অনুবাদকৃত কপি সহ) প্রদর্শন/জমা প্রদান করতে হবে এবং বাংলাদেশে আগমনের সময় ইমিগ্রেশন কাউন্টারে (বিমান বন্দর/স্থল বন্দর/সমুদ্র বন্দর) উক্ত সনদ জমা প্রদান করতে হবে।

৩। ভিসা থাকা সাপেক্ষে বাংলাদেশে অবস্থিত বিদেশি কূটনৈতিক মিশন সমূহে কর্মরত কূটনৈতিক, অফিসিয়াল এবং লেইসেজ প্যাসার পাসপোর্টধারী ব্যক্তিবর্গ এবং তাঁদের পরিবারের সদস্যগণ (যদি সাধারণ পাসপোর্টধারী হয়) ২ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তের আওতা বহির্ভূত থাকবে । COVID-19 আক্রান্ত দেশ সমূহ হতে বাংলাদেশে আগমনের ক্ষেত্রে তাঁদের সেলফ কোয়ারেন্টাইনে থাকতে হবে এবং সংশ্লিষ্ট কূটনৈতিক মিশন কর্তৃক বিষয়টি নিশ্চিত করতে হবে।

৪। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত COVID-19 আক্রান্ত যে কোন দেশ হতে বাংলাদেশি বা বিদেশি নাগরিকের বাংলাদেশে আগমনের ক্ষেত্রে আগমনের পর ১৪ (চৌদ্দ) দিন কোয়ারেন্টাইনে থাকতে হবে। এন্ট্রি পোর্টের স্বাস্থ্য কর্মকর্তাগণ সেলফ কোয়ারেন্টাইন বা সরকার পরিচালিত প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন এ থাকার বিষয়টি নির্ধারণ করবেন। সেলফ কোয়ারেন্টাইন প্রাপ্ত ব্যক্তিবর্গের ক্ষেত্রে নির্ধারিত সময় পর্যন্ত কোয়ারেন্টাইনে থাকার বিষয়টি আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী কর্তৃক নজরদারি করা হবে।

৫। যদি কোন বাংলাদেশি বংশোদ্ভূত “নো ভিসা রিকোয়ার্ড” প্রাপ্ত ব্যক্তি COVID-19 লক্ষণমুক্ত মর্মে চিকিৎসকের সনদ ব্যতীত বাংলাদেশে আগমন করেন, তবে তাকে আবশ্যিকভাবে ১৪ (চৌদ্দ) দিনের প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে থাকতে হবে। তবে COVID-19 লক্ষণমুক্ত মর্মে চিকিৎসকের সনদ সহ বাংলাদেশে আগমন করলে, তাকে ১৪ (চৌদ্দ)দিনের সেলফ/হোম কোয়ারেন্টাইনে থাকতে হবে । এন্ট্রি পোর্টের স্বাস্থ্য পরিক্ষায় এরূপ ব্যক্তির COVID-19 এর কোন লক্ষণ সনাক্তকৃত হলে, তাকে ১৪ (চৌদ্দ )দিনের প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে থাকতে হবে।


৬। পরবর্তী নির্দেশনা প্রদান না করা পর্যন্ত বাংলাদেশের স্থলবন্দর সমূহের (বেনাপোল, ভোমরা, বাংলাবান্ধা, হিলি, বুড়িমারি, রৌমারি, দর্শনা, নাকুগাঁও, তামাবিল, শেওলা, আখাউড়া) মাধ্যমে বিদেশি নাগরিকগণের বাংলাদেশে প্রবেশ নিষিদ্ধ থাকবে। বাংলাদেশ- ভারত Revised Travel Arrangement (RTA) অনুযায়ী অফিসিয়াল এবং ডিপ্লোম্যাটিক পাসপোর্টধারীগণ বাংলাদেশে আগমন করতে পারবে । তবে এন্ট্রি পোর্টের স্বাস্থ্য কর্মকর্তা কর্তৃক COVID-19 লক্ষণমুক্তমর্মে সনাক্তকৃত হলে তাদেরকে ১৪ (চৌদ্দ) দিনের হোম/সেলফ কোয়ারেন্টাইনে থাকতে হবে। উল্লিখিত স্থলবন্দররসমূহের মাধ্যমে পণ্য আমদানী, রপ্তানীর স্বাভাবিক প্রক্রিয়া চলমান থাকবে।

৭। পরবর্তী নির্দেশনা প্রদান না করা পর্যন্ত ৬ নং অনুচ্ছেদে উল্লিখিত স্থলবন্দরসমূহের মাধ্যমে বাংলাদেশে আগমনকারী বাংলাদেশি নাগরিকগণকে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং সিভিল সার্জন এর ব্যবস্থাপনায় এবং তত্ত্বাবধানে নিকটবর্তী প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে ১৪ (চৌদ্দ) দিন অবস্থান করতে হবে।

৮। যে সকল দেশের সাথে বাংলাদেশের কূটনৈতিক এবং অফিসিয়াল পাসপোর্ট এর বিপরীতে ভিসা অব্যাহতি চুক্তি রয়েছে, সে সকল দেশের কূটনৈতিক এবং অফিসিয়াল পাসপোর্টধারীগণ চুক্তি অনুযায়ী ভিসা ব্যাতিরেকে বাংলাদেশে আগমন করতে পারবেন। তাদেরকে COVID-19 লক্ষণমুক্ত মর্মে চিকিৎসকের সনদ (ইংরেজীতে অনুবাদকৃত কপি সহ) এন্ট্রি পোর্টের ইমিগ্রেশন কাউন্টারে জমা প্রদান করতে হবে এবং এন্ট্রি পোর্টের স্বাস্থ্য কর্মকর্তার নির্দেশনা অনুযায়ী ১৪ (চৌদ্দ) দিনের কোয়ারেন্টাইনে থাকতে হবে।

৯। প্রচলিত বিধি অনুযায়ী জাহাজের পাইলট ও নাবিকগণ ৭২ (বায়াত্তর) ঘন্টার জন্য Visa on Arrival নিয়ে বাংলাদেশে প্রবেশ করতে পারবেন। তারা সরাসরি এয়ারপোর্ট থেকে কর্মস্থল এবং কর্মস্থল থকে এয়ারপোর্টে যাতায়াত ব্যতীত দেশের অভ্যন্তরে অন্য কোথাও প্রবেশ/অবস্থান করতে পারবেননা। তাদেরকে COVID-19 লক্ষণমুক্ত মর্মে চিকিৎসকের সনদ এন্ট্রি পোর্টের ইমিগ্রেশন কাউন্টারে প্রদর্শন করতে হবে।

১০। করোনা ভাইরাস উদ্ভূত পরিস্থিতিতে বাংলাদেশে ভিসা নিয়ে অবস্থানরত (নিয়মিত/অনিয়মিত) বিদেশি নাগরিকগণের বর্তমান ভিসা তাদের আবেদনের বিপরীতে ভিসা ফি এবং অতিবাস জরিমানা পরিশোধ ব্যাতিরেকে ০৩(তিন) মাস পর্যন্ত বৃদ্ধি করা যাবে।



১-৫-২০২০
মনিরা হক
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮ ০২-৯৫৭৪৫৩৩
ইমেইল: immi2@ssd.gov.bd

অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ
ঢাকা

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৪০.৩২.০০২.১৯.১৭/১(১৮)

তারিখ: ১৮ বৈশাখ ১৪২৭
০১ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ

অতি জরুরী

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
বহিরাগমন-২ শাখা
Website :immi2@ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৪১.২১.০০৪.২০২০.৪১৪ তারিখ : ২৩ মার্চ, ২০২০ খ্রি:।

বিষয়: COVID 19 পরিস্থিতিতে ভিসা সংক্রান্ত নির্দেশনাসমূহ।

সূত্র : ১. পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-১৯.০০.০০০০.৫৩০.৬৮.০০০.২০, তারিখ: ২১/৩/২০২০
২. পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-১৯.০০.০০০০.৫৩০.৬৮.০০০.২০-১৯১, তারিখ: ১৯/৩/২০২০
৩. স্পেশাল ব্রাঞ্চ (এসবি)'র স্মারক নং-৪৪.০১.০০০০.০০৮৬.৪০.০০১.২০/৭৬, তারিখ: ১৬/০৩/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে COVID 19 সংক্রমনরোধে ভিসা সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

(ক) ১৫ এপ্রিল ২০২০ পর্যন্ত বাংলাদেশে সকল বিদেশি নাগরিকের জন্য 'ভিসা অন এ্যারাইভাল' প্রদান বন্ধ থাকবে।

(খ) যে সকল ভ্রমণকারী ১লা মার্চ ২০২০ হতে পরবর্তী সময়ে ইউরোপীয় ইউনিয়নভুক্ত অঞ্চল এবং ইরানে বসবাস করেছেন বা ভ্রমণ করেছেন তারা ১৫ এপ্রিল ২০২০ পর্যন্ত বাংলাদেশে প্রবেশ করতে পারবেন না। তবে ইউরোপীয় ইউনিয়ন এবং ইরানের নাগরিক যারা ২৯/০২/২০২০ তারিখ হতে এই এলাকার বাইরে ছিলেন তারা বৈধ ভিসা থাকা সাপেক্ষে বাংলাদেশে ভ্রমণ করতে পারবেন।

(গ) বৈধ ভিসাধারী বিদেশি নাগরিক বা যারা নতুন ভিসার জন্য আবেদন করবেন তাদেরকে সর্বশেষ ৭২ ঘন্টার মধ্যে ইস্যুকৃত COVID 19 লক্ষণ মুক্ত মর্মে চিকিৎসকের সনদ (ইংরেজিতে অনুবাদকৃত) জমা প্রদান করতে হবে এবং বাংলাদেশে আগমনের সময় ইমিগ্রেশন কাউন্টারে প্রদর্শন করতে হবে।

(ঘ) বাংলাদেশে অবস্থিত বিদেশি দূতাবাসসমূহে কর্মরত কূটনৈতিক, অফিসিয়াল এবং লেইসেজ প্যাসার পাসপোর্টধারী ব্যক্তিবর্গ এবং তাদের পরিবারের সদস্যগণ (যদি সাধারণ পাসপোর্টধারী হয়) খ অনুচ্ছেদে উল্লিখিত নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে। এ অনুচ্ছেদে উল্লিখিত ব্যক্তিবর্গকে ইমিগ্রেশন কাউন্টারে COVID 19 লক্ষণ মুক্ত মর্মে চিকিৎসকের সনদ প্রদর্শন করতে হবে। বাংলাদেশে আগমনের পর তাদের সেলফ কোয়ারেনটাইনে থাকতে হবে।

(ঙ) করোনা ভাইরাস আক্রান্ত যে কোন দেশ হতে বাংলাদেশি বা বিদেশি নাগরিকের বাংলাদেশে আসার ক্ষেত্রে আগমনের পরে ০২ (দুই) সপ্তাহ কোয়ারেনটাইন-এ থাকতে হবে। এন্ট্রি পোর্টের স্বাস্থ্য কর্মকর্তাগণ সেলফ কোয়ারেনটাইন বা সরকার পরিচালিত প্রাতিষ্ঠানিক কোয়ারেনটাইন-এ থাকার বিষয়টি নির্ধারণ করবেন।

(চ) বর্তমানে প্রচলিত বিধি অনুযায়ী জাহাজের নাবিকগণ ৭২ ঘন্টার জন্য 'ভিসা অন এ্যারাইভাল' নিয়ে বাংলাদেশে প্রবেশ করতে পারবেন। তারা এয়ারপোর্ট থেকে কর্মস্থল এবং কর্মস্থল থেকে এয়ারপোর্ট যাতায়াত ব্যতীত দেশের অভ্যন্তরে অন্য কোথাও অবস্থান করতে পারবেন না। তাদেরকে COVID 19 লক্ষণ মুক্ত মর্মে চিকিৎসকের সনদ (ইংরেজিতে অনুবাদকৃত) এন্ট্রি পোর্টের ইমিগ্রেশন কাউন্টারে প্রদর্শন করতে হবে।

(ছ) যে সকল দেশের সাথে কূটনৈতিক এবং অফিসিয়াল পাসপোর্টধারীদের জন্য ভিসা অব্যাহতি চুক্তি আছে, যে সকল দেশের সাথে কূটনৈতিক এবং অফিসিয়াল পাসপোর্টধারীগণ চুক্তি অনুযায়ী ভিসা ব্যাতিরেকে বাংলাদেশে প্রবেশ করতে পারবে। তাদেরকে COVID 19 লক্ষণ মুক্ত মর্মে চিকিৎসকের সনদ (ইংরেজিতে অনুবাদকৃত) এন্ট্রি পোর্টের ইমিগ্রেশন কাউন্টারে প্রদর্শন করতে হবে।

০২। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই নির্দেশনাসমূহ বলবৎ থাকবে।

Manira
২৫/০৩/২০২০
(মনিরা হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৪৫৩৩।
Immi2@ssd.gov.bd

অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক
বিশেষ শাখা, রাজারবাগ, ঢাকা।

e:\letter\corona.docx